

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও, ঢাকা
www.ngoab.gov.bd

নং-০৩.০৭.২৬৬৬.৬৫১.২৪.০০১.১২-২০১

তারিখ : ১১ জুলাই ২০২১

বিষয় : রোহিঙ্গা ক্যাম্পসমূহের জন্য বিষয়/সেক্টরভিত্তিক জরুরী প্রকল্প প্রস্তাব (এফডি-৭) দাখিল।


সূত্র : শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়ের স্মারক নং ৫১.০৪.২২০০.০০১.১৯.০০১.২১-২১৩১ তারিখ- ১১ জুলাই ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত অনুদানে বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ (এনজিও) বলপূর্বক বাস্তবায়ন করায় মাগানমার নাগরিক (FDMN)দের দৈনন্দিন প্রয়োজনীয় জরুরী ত্রাণসামগ্রী সরবরাহের জন্য প্রতিনিয়তই বিভিন্নরকম প্রকল্প (এফডি-৭) দাখিল এবং তা বাস্তবায়ন করছে যা প্রশংসনীয়। প্রাপ্ত বৈদেশিক অনুদানের যথাযথ ব্যবহার এবং বলপূর্বক বাস্তবায়ন করায় মাগানমার নাগরিক (FDMN)দের দৈনন্দিন প্রয়োজনীয় ত্রাণ সামগ্রীর চাহিদা সম্বলিত সূত্র পত্রটি শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয় হতে বুরোতে প্রেরণ করা হয়। উল্লিখিত চাহিদার প্রেক্ষিতে কক্সবাজার জেলার রোহিঙ্গা ক্যাম্প ও ভাসানচরে সেবা প্রদানকারী বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ কর্তৃক নিম্নবর্ণিত সেক্টরে জরুরী ত্রাণ কার্যক্রম প্রকল্প (এফডি-৭) অগ্রাধিকারভিত্তিতে দাখিল করা যেতে পারে।

- ক) রোহিঙ্গা জনগোষ্ঠীর মধ্যে জনসংখ্যা বৃদ্ধির হার অস্বাভাবিক উর্ধ্বগতির ধারাকে নিয়ন্ত্রণ করার জন্য ব্যাপকভিত্তিক জন্ম নিয়ন্ত্রণের ঔষধ বিতরণ, দীর্ঘ মেয়াদী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি এবং উপকরণ বিতরণ;
- খ) এলপিজি সিলিভার বিতরণ;
- গ) হেলথ পোস্ট, প্রাইমারী হেলথ কেয়ার এবং ফিল্ড হাসপাতাল স্থাপন;
- ঘ) পরিধানযোগ্য বস্ত্র, স্যাভেল/জুতা, কম্বল এবং বর্ষাকালে ব্যবহারের জন্য ছাতা বিতরণ;
- ঙ) বর্জ্য ব্যবস্থাপনা, ড্রেইন পরিষ্কার, টয়লেট ও বাথিং ফ্যাসিলিটি স্থাপন এবং মেরামত;
- চ) গৃহ পুনর্নির্মাণ, গৃহ সংস্কার/মেরামত;
- ছ) পরিবেশের ভারসাম্য রক্ষার্থে বৃক্ষরোপন কর্মসূচি, হোমস্টেড গার্ডেনিং এর অংশ হিসেবে চালের উপর সবজি চাষ;
- জ) রোহিঙ্গাদের জন্য সোলার প্যানেল মেরামত, সেলাই প্রশিক্ষণ, নিজস্ব পদ্ধতিতে সাবান তৈরি, কোভিড-১৯ সুরক্ষার জন্য মাস্ক তৈরি, হাঁসমুরগি প্রভৃতি লাইভলিহুড কার্যক্রম (ভাসানচরে বিশেষভাবে অগ্রাধিকার দিয়ে);
- ঝ) ইউনিসেফের অর্থায়নে নির্মিত ল্যানিং সেন্টারগুলোর পুনর্নির্মাণ ও সংস্কার/মেরামত;
- ঞ) পাথওয়ে নির্মাণ, সিঁড়ি নির্মাণ, স্লোপ প্রোটেকশন, ড্রেন নির্মাণ;
- ট) ক্যাম্পে বিদ্যমান ল্যানিং সেন্টারগুলোতে রোহিঙ্গা ভাষায় রোহিঙ্গাদের সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কিত এবং তাঁদের নিজ ভূমিতে প্রত্যাবাসন সংক্রান্ত উদ্বুদ্ধকরণ সভা/সেমিনার আয়োজন; এবং
- ঠ) প্রাকৃতিক বা মানবসৃষ্ট দুর্যোগে ক্ষতিগ্রস্ত ক্যাম্পসমূহে জরুরী তৈজসপত্র, বস্ত্র, টাই-ডাউন কিট ইত্যাদি বিতরণ।

০২। অন্যদিকে, বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) কর্তৃক প্রদেয় খাদ্য সহায়তার বাইরে আপাততঃ অতিরিক্ত খাদ্য সহায়তা কার্যক্রম, জাতিসংঘের অংশী এনজিওদের মাধ্যমে পুষ্টি কার্যক্রম পরিচালিত হওয়ায় এর বাইরে আপাততঃ অতিরিক্ত পুষ্টি কার্যক্রম, রোহিঙ্গা জনগোষ্ঠীর আগমনের ০৩ (তিন) বছর অতিবাহিত হওয়ায় মানসিক স্বাস্থ্য ও মনো-সামাজিক সহায়তামূলক কার্যক্রম, প্রটেকশন (কমিউনিটি সেন্টার নির্মাণ, সচেতনতা সৃষ্টি ইত্যাদি), অপ্রয়োজনীয় সচেতনতা সভা (এডভোকেসি, ভূমি সংক্রান্ত প্রশিক্ষণ, অধিকার বিষয়ক প্রশিক্ষণ/সভা ইত্যাদি), কমিউনিকেশন উইথ কমিউনিটি (সিডব্লিউসি) এর নামে “ইনফরমেশন হাব” বা “রেফারেল হাব” পরিচালনা এবং কালচারাল সেন্টার/আইডিয়া বক্স সংক্রান্ত কার্যক্রম ইত্যাদি সংক্রান্ত প্রকল্প দাখিল থেকে আপাততঃ বিরত থাকা যেতে পারে।

০৩। বর্তমানে সারা বিশ্বের ন্যয় বাংলাদেশেও কোভিড-১৯ পরিস্থিতি ক্রমশঃ অবনতি ঘটছে যা দেশের সকল নাগরিকসহ বলপূর্বক বাস্তবায়িত মায়ানমার নাগরিক (FDMN)দের জনস্বাস্থ্যের জন্যও হুমকিস্বরূপ। এ বিষয়টি অনুধাবন করতঃ করোনা মোকাবেলায় বাস্তবসম্মত প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকল বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থার নির্বাহী পরিচালক/নির্বাহী প্রধান/কান্ট্রি ডিরেক্টরগণকে অনুরোধ করা হলো।



কে. এম. তারিকুল ইসলাম

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন : ৫৫০০৭৪০০

ই-মেইল : dg@ngoab.gov.bd

নির্বাহী পরিচালক/নির্বাহী প্রধান/কান্ট্রি ডিরেক্টর

.....
.....
.....

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ০১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়, কক্সবাজার
- ০৪। জেলা প্রশাসক, কক্সবাজার/নোয়াখালী।
- ০৫। সকল কর্মকর্তা, এ কার্যালয়।
- ০৬। অফিস কপি।